# উপজেলা পরিষদ কার্যালয়
# শালিখা, মাগুরা

## জুলাই'২০২৩ মাসে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ৫০তম সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামাল হোসেন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ১৮.০৭.২০২৩ খ্রি.
সময় : বেলা ১১:৩০ টা

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : (পরিশিষ্ট 'ক' ও 'খ' দ্রষ্টব্য)

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা কর্তৃক গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং গত সভার সিদ্ধান্ত অনুযায়ী আলোচ্যসূচির উপর আলোচনা করা হয়। অত:পর সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়।

<table>
<tr><th>দপ্তর/প্রতিষ্ঠানের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদন ঃ</td><td>গত ২৬.০৬.২০২৩ খ্রিঃ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয় ও দৃঢ়ীকরণের বিষয়ে আলোচনা হয়।</td><td>উপস্থিত সদস্যদের সর্বসম্মতিক্রমে বিগত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার,শালিখা, মাগুরা।</td></tr>
<tr><td>১। উপজেলা কমিটি এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td><td>ইউডিএফ, শালিখা, মাগুরা সভায় জানান যে, ইউজিডিপি প্রকল্পে বিভিন্ন দপ্তর ও ইউনিয়ন পরিষদ থেকে জমাকৃত উপ-প্রকল্পসমূহ সভায় উপস্থাপন করেন। বিভিন্ন উৎস হতে মোট ৩টি অবকাঠামোগত উপ-প্রকল্প অনুমোদনের জন্য পেশ করেন। এগুলো নিম্নরূপঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>উপ-প্রকল্পের নাম</th><th>টাকার পরিমাণ ( লক্ষ টাকা)</th></tr>
<tr><td>১.</td><td>বুনাগাতী, সোনাডাঙ্গা, চিলেডাঙ্গা, ছান্দড়া বাজারে পানি নিষ্কাশনের ড্রেন ও কালভার্ট এবং দিঘী গ্রামে পানি নিষ্কাশনের জন্য আরসিসি পাইপ এবং পাথরঘাটা কমিউনিটি ক্লিনিকে বাউন্ডারি ওয়াল নির্মাণ।</td><td>২৫.০০</td></tr>
<tr><td>২.</td><td>শালিখা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেলিভারি রুম নির্মাণ, আড়পাড়া উপ-স্বাস্থ্যকেন্দ্রে রোগী ছাউনি নির্মাণ।</td><td>১০.০০</td></tr>
<tr><td>৩</td><td>শালিখা শিক্ষাপার্কের সম্প্রসারণ ও উন্নয়ন এবং মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্মার্ট বোর্ড স্থাপন ।</td><td>১৫.০০</td></tr>
<tr><td></td><td>সর্বমোট</td><td>৫০.০০</td></tr>
</table></td><td>প্রকল্প যাচাই বাছাই করে সংশ্লিষ্ট অবকাঠামো উন্নয়ন প্রকল্পগুলো অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউডিএফ, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>ইউডিএফ, শালিখা, মাগুরা</td></tr>
<tr><td>২। স্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, বর্তমান সারা দেশে ডেঙ্গু রোগ ভয়াবহ আকারে ছড়িয়ে পড়েছে। ডেঙ্গু রোগ প্রতিরোধে শালিখা স্বাস্থ্য বিভাগ কাজ করে যাচ্ছে। মাত্র ৫০ টাকায় হাসপাতালে ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে। এডিশ মশা নিধনে পরিষ্কার-পরিচ্ছন্নতা, সচেতনার জন্য প্রচার-প্রচারণাবাবদ মাইকিং এবং স্বাস্থ্য শিক্ষা দেয়া অব্যাহত আছে। ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিশ মশা নিধনের বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়।</td><td>ডেঙ্গু রোগ প্রতিরোধে এডিশ মশা নিধনে পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সচেতনার জন্য প্রচার-প্রচারণা বাবদ মাইকিং করার জন্য সকল ইউ.পি চেয়ারম্যানসহ সকলকে অনুরোধ করা হয়।</td><td>সকল ইউ.পি চেয়ারম্যান ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শালিখা, মাগুরা।</td></tr>
<tr><td>৩। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</td><td>উপজেলা কৃষি অফিসার, শালিখা, মাগুরা সভায় জানান যে, শালিখা উপজেলায় বর্তমানে খরিপ-২ মৌসুমে আমন ধানের আবাদ ১৪,৫৫০ হেক্টর যা লক্ষ্যমাত্রার বিপরীতে এ পর্যন্ত ৪৬৫০ হেক্টর আবাদ অর্জিত হয়েছে। মাঠে দন্ডায়মান ফসলের সার্বিক অবস্থা ভালো। আমন ধানের রোপণ চলমান। বর্তমানে ইউরিয়া সারসহ অন্যান্য নন-ইউরিয়া সার উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। এ সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং অব্যাহত আছে।</td><td>বীজ, ইউরিয়া ও নন ইউরিয়া সার উত্তোলন ও বিতরণ যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা কৃষি অফিসার, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা কৃষি অফিসার, শালিখা, মাগুরা</td></tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪। স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | ক. উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর মাস্টার প্লান অনুযায়ী ভবন বাস্তবায়নের ক্ষেত্রে পুরনো অবকাঠামো যথা: উপজেলা কোর্ট ভবন (হাজতখানা সহ), আনসার ভিডিপি ভবন, শহীদ সিরাউদ্দিন গ্রন্থাগার ভবন, উপজেলা ডিজিটাল সেন্টারসহ ০৫টি মাঝারি সাইজের গাছ বিদ্যমান রয়েছে যা অপসারণ করা প্রয়োজন মর্মে তিনি সভায় অবহিত করেন। | ক. শালিখা উপজেলায় প্রশাসনিক ভবন ও হলরুম বাস্তবায়নের ক্ষেত্রে যে সকল ভবন এবং গাছ অপসারণ করা প্রয়োজন সেক্ষেত্রে জেলা প্রশাসক, মাগুরা মহোদয়সহ সংশ্লিষ্ট ভবন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শালিখা, মাগুরা ও উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শালিখা, মাগুরা |
| | খ. ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) অর্থায়নে নিম্নলিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য সভায় উপস্থাপন করা হয়:<br>(১) উপজেলার বিভিন্ন স্থানে ২৫(পঁচিশ) টি নলকূপ স্থাপন-৫.০০ লক্ষ টাকা।<br>(২) (ক) উপজেলার অসহায়, দুঃস্থ ও বেকার মহিলাদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে সেলাই মেশিন বিতরণ-২.০০ লক্ষ টাকা।<br>(খ) উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্লাবে ফুটবল বিতরণ-১.০০ লক্ষ টাকা<br>(গ) চুকিনগর- কালীগঞ্জ পাকা রাস্তা হইতে স্বর্গীয় তারাপদ বিশ্বাসের বাড়ি পর্যন্ত রাস্তা ফ্ল্যাট সোলিং দ্বারা উন্নয়ন-১.০০ লক্ষ টাকা।<br>(ঘ) আড়পাড়া দক্ষিণপাড়া নাহিদের বাড়ির সামনে হইতে কবির আলমের বাড়ি পর্যন্ত রাস্তা ফ্ল্যাট সোলিং দ্বারা উন্নয়ন-১.০০ লক্ষ টাকা। | খ. এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) অর্থায়নে (৫.০০+৫.০০) = ১০.০০ লক্ষ টাকার মোট ০২টি প্যাকেজে RFQ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শালিখা, মাগুরা ও সংশ্লিষ্ট ঠিকাদ |
| | (৩) উপজেলার ০৩টি মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ক্রীড়া সামগ্রী ও সাউন্ড সিস্টেম সরবরাহ-৬.০০ লক্ষ টাকা। | (৩) এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২৩-২০২৪ অর্থবছরে উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব উদ্বৃত্ত) অর্থায়নে ৬.০০ লক্ষ টাকার ০১টি প্যাকেজে RFQ পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শালিখা, মাগুরা ও সংশ্লিষ্ট ঠিকাদ |
| ৫। প্রাণিসম্পদ অধিদপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, গবাদিপ্রাণি ও হাঁস-মুরগী চিকিৎসা সেবা, কৃত্রিম প্রজনন, টিকা প্রদান, ঘাস চাষ সম্প্রসারণ, রোগ অনুসন্ধান কার্যক্রমসহ প্রাণিসম্পদের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম ও উঠান বৈঠক কার্যক্রম অব্যাহত আছে। ১৭.০৭.২০২৩ খ্রি. তারিখে প্রাণিসম্পদ ও ডেইরি উন্নয়ন প্রকল্পের স্কুল মিল্ক ফিডিং কার্যক্রমের আওতায় খাটর রামানন্দকাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়মিত স্কুলে দুধ খাওয়ানোর কার্যক্রম উদ্বোধন করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শালিখা, মাগুরা |
| ৬। সমাজ সেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন এর প্রক্রিয়া চলমান। ২০২২-২০২৩ অর্থবছরের ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত ০৪টি বেসরকারী এতিমখানাতে ২য় কিস্তির মোট ৬,৭২,০০০/- টাকা বিতরণ করা সম্পন্ন হয়েছে। | উপজেলা সমাজসেবা দপ্তরের সকল প্রকার ভাতাদি ও ঋণ কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শালিখা, মাগুরা |
| ৭। মৎস্য অধিদপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, "নিরাপদ মাছে ভরবো দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে আগামী ২৪.০৭.২০২৩ খ্রি. হতে ৩০.০৭.২০২৩ খ্রি. পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপিত হবে। এ উপলক্ষ্যে ২৫.০৭.২০২৩ খ্রি. তারিখে উপজেলায় র‍্যালী, পোনামাছ অবমুক্তকরণ, পুরষ্কার বিতরণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে সকলের উপস্থিতি একান্তভাবে কাম্য। এছাড়া মৎস্য আইন বাস্তবায়নে সবাইকে সহযোগিতা করার জন্য সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন ও মৎস্য দপ্তরের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, শালিখা, মাগুরা। |

CamScanner

<table>
<tr><td>৮। উপজেলা শিক্ষা অফিস</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td><td>প্রাথমিক শিক্ষা দপ্তরের কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, শালিখা, মাগুরা</td></tr>
<tr><td>৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, "পারফরমেন্স বেজ ও গ্রান্টস ফর সেকেন্ডারী ইন্সটিটিউশন" স্কীমের আওতায় জবাবদিহি অনুদান প্রদানের লক্ষ্যে ১৭টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত আবেদনপত্র ও আনুষঙ্গিক তথ্যাদি যাচাই-বাছাই কার্যক্রম চলমান। মাউশি অধিদপ্তরের চাহিদা অনুসারে শালিখা উপজেলার মাধ্যমিক বিদ্যালয় সমূহে কর্মরত সহকারী শিক্ষকদের তথ্যাদি জেলা শিক্ষা অফিসের মাধ্যমে ঢাকায় প্রেরণ করা হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে সততা সংঘের বর্তমান অবস্থা ও দুর্নীত প্রতিরোধ কমিটির সদস্যদের নামের তালিকা উপ-পরিচালক, দুদক,জেলা কার্যালয়, ঝিনাইদহে প্রেরণ করা হয়েছে।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কার্যালয়ের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শালিখা, মাগুরা</td></tr>
<tr><td>১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কার্যালয়</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে সাধারণ ও নির্বাচনী পর্যায়ের সকল প্রকল্পের অর্থ ছাড়করণ করা হয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা</td></tr>
<tr><td>১১। উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, শালিখা, মাগুরা সভায় জানান যে, ঋণ বিতরণসহ লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রয়েছে।</td><td>যুব ও যুব মহিলাদের বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান এবং ঋণ বিতরণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, শালিখা, মাগুরা</td></tr>
<tr><td>১২। উপজেলা পল্লী উন্নয়ন অধিদপ্তর</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শালিখা, মাগুরা সভায় জানান যে, এ দপ্তরের সমিতির সংখ্যা মোট ৩৪৫ টি এবং সদস্য সংখ্যা ১০৪৮৯ জন। চলতি অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৫৮৪.০০ লক্ষ টাকা। ঋণ বিতরণ করা হয়েছে ২৫.৪০ লক্ষ টাকা, ঋণ বিতরণের হার ৪%, ঋণ আদায় করা হয়েছে ১৮.১৬ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৯৮%। কোভিড-১৯ প্রণোদনা ঋণ তহবিল খাতে ২৬ জন সদস্যের অনুকূলে ৪৬.০০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায় হয়েছে ২৯.০৫ লক্ষ টাকা। অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে চলমান।</td><td>সভায় বিধি-বিধান অনুসারে ঋণ বিতরণ কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা</td></tr>
<tr><td>১৩। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শালিখা, মাগুরা এর প্রতিনিধি সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান। জুন/২৩ হতে মা ও শিশু সহায়তা ভাতার আবেদন কার্যক্রম বন্ধ হয়ে গেছে। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের বরাদ্দকৃত অর্থ স্ব স্ব ব্যাংক হিসাব নম্বরে চলে এসেছে।</td><td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শালিখা, মাগুরা</td></tr>
<tr><td>১৪। উপজেলা সমবায় অধিদপ্তর</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, উপজেলায় ৫১টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। কেন্দ্রীয় পউবো ০২টি এবং প্রাথমিক পউবো ৩৩৯ টি সমবায় সমিতি রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত সমিতির অডিট, পরিদর্শন, তদারকি ও উদ্বুদ্ধকরণ সভা করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে প্রচলিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ পূর্বক ঋণ বিতরণ ও ঋণ আদায় এবং অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, শালিখা মাগুরা</td></tr>
<tr><td>১৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শালিখা, মাগুরা সভায় ১৮/০৭/২০২৩ খ্রি. আড়পাড়া এলএসডির খাদ্য শস্যের মজুদ ও নিত্য প্রয়োজনীয় পণ্যের বাজার দর উপস্থাপন করেন ।
<table>
<tr><td>ক্রঃ নং</td><td>বিবরণ</td><td>মেঃটন/টাকা</td></tr>
<tr><td>০১.</td><td>মজুদ ঃ</td><td></td></tr>
<tr><td></td><td>(ক) চাল</td><td>৫৩১.৮০৩ মে:টন</td></tr>
<tr><td></td><td>(খ) গম</td><td>২৬১.০০০ মে:টন</td></tr>
<tr><td>০২.</td><td>বাজারদরঃ</td><td>প্রতি কেজি</td></tr>
<tr><td></td><td>(ক) মোটা ধান</td><td>২৮-২৯ টাকা</td></tr>
<tr><td></td><td>(খ) চিকন ধান</td><td>৩৩-৩৪ টাকা</td></tr>
<tr><td></td><td>(গ) মোটা চাল</td><td>৪৪-৪৫ টাকা</td></tr>
</table></td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শালিখা, মাগুরা</td></tr>
</table>



CamScanner

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><td>(ঘ) চিকন চাল</td><td>৬০-৬৪ টাকা</td></tr>
<tr><td>(ঙ) চিনি</td><td>১২০-১২৫ টাকা</td></tr>
<tr><td>(চ) মসুর ডাল</td><td>১১০-১১৫ টাকা</td></tr>
<tr><td>(ছ) সয়াবিন</td><td>১৮৫-১৯০ টাকা</td></tr>
<tr><td>(জ) সরিষার তেল</td><td>২০০-২১০টাকা</td></tr>
<tr><td>(ঝ) খোলা আটা</td><td>৬০-৬২ টাকা</td></tr>
<tr><td>(ঞ) গম</td><td>৪২-৪৪ টাকা</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৬। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শালিখা, মাগুরা সভায় জানান যে, "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ" শীর্ষক প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৮২ টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে যার ৫০% স্থান সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার মাননীয় সংসদ সদস্য কর্তৃক এবং অবশিষ্ট ৫০% স্থান ইউনিয়ন ওয়াটস্যান (WATSAN) কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। ইউনিয়ন ওয়াটস্যান (WATSAN) কমিটির নির্বাচিত স্থান তালিকা উপজেলা ওয়াটস্যান (WATSAN) কমিটি কর্তৃক অনুমোদিত হতে হবে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td>
<td>ক. মাঠ পর্যায়ে নলকূপ স্থাপনের কাজ যথাযথভাবে মনিটরিং করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।<br>খ. উপজেলা (WATSAN) কমিটির সভা আহবানপূর্বক উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শালিখা, মাগুরা</td>
</tr>
<tr>
<td>১৭। বন বিভাগ</td>
<td>উপজেলা ফরেস্টার, শালিখা, মাগুরা সভায় জানান যে, চলতি বর্ষা মৌসুমে উপজেলার ০৭টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে বন বিভাগ থেকে ৫০০টি চারা ক্রয়পূর্বক নিজ নিজ ইউনিয়নে রোপণ করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন।</td>
<td>বন বিভাগ থেকে চারা ক্রয়পূর্বক নিজ নিজ ইউনিয়নেরোপণ করার জন্য উপজেলার সকল ইউ.পি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।</td>
<td>সকল ইউ.পি চেয়ারম্যান</td>
</tr>
<tr>
<td>১৮। তথ্য সেবা কেন্দ্র</td>
<td>তথ্য সেবা কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জানান যে, জুলাই/২০২৩ মাসে ডোর টু ডোর ৯৩৫ জন মহিলাকে তথ্যসহ সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ১২৫ জন মহিলাকে স্বাস্থ্যসেবা ডায়বেটিকস ও প্রেসার পরিমাপ করা হয়। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>তথ্য সেবা কেন্দ্র, শালিখা, মাগুরার সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য তথ্য সেবা কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>তথ্য সেবা কর্মকর্তা, শালিখা,</td>
</tr>
<tr>
<td>১৯। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন</td>
<td>পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, শালিখা, মাগুরা সভায় জুলাই, ২০২৩ মাসে তার দপ্তরের লক্ষ্যমাত্রা ও অর্জন প্রতিবেদন উপস্থাপন করেনঃ
<table>
<tr><td rowspan="2">বিবরণ</td><td rowspan="2">জুলাই/২৩ মাসে লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা)</td><td colspan="3">জুলাই/২৩ পর্যন্ত অর্জন</td></tr>
<tr><td>বিতরণ (লক্ষ টাকা)</td><td>আদায় (লক্ষ টাকা)</td><td>আদায় হার</td></tr>
<tr><td>ক্ষুদ্র ঋণ</td><td>৩৬০.০০</td><td>৩০.০০</td><td>৯.৫৭</td><td>৯৮%</td></tr>
<tr><td>নারী উদ্যোক্তা ঋণ</td><td>৯০.০০</td><td>৭.৫০</td><td>৫.০০</td><td>৯৯%</td></tr>
<tr><td>ক্ষুদ উদ্যোক্তা ঋণ</td><td>১৬০.০০</td><td>১৩.৩৫</td><td>৮.০০</td><td>৯৯%</td></tr>
<tr><td>প্রণোদনা ঋণ-২</td><td>৩৫.০০</td><td>২.৯০</td><td>১৭.০০</td><td>১০০%</td></tr>
<tr><td>কৃষি জীবিকায়ন</td><td>৩৫.০০</td><td>২.৯০</td><td>০০</td><td>০০</td></tr>
</table>
</td>
<td>সর্বশেষ বিধি-বিধান অনুসরণ পূর্বক ঋণ বিতরণ ও ঋণ আদায় এবং অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>পল্লী দারিদ বিমোচন কর্মকর্তা, শালিখা, মাগু</td>
</tr>
<tr>
<td>২০। পল্লী বিদ্যুৎ সমিতি</td>
<td>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শালিখা বলেন যে বর্তমানে সারাদেশেই মাঝে মাঝে লোড শেডিং হচ্ছে। বকেয়া আদায় জোরদার করা হয়েছে। গত অর্থ বছরের এপিএ সাফল্যের সহিত অর্জিত হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।</td>
<td>পল্লী বিদ্যুৎ সমিতি, শালিখা, মাগুরার সকল কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, শালিখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শালিখা, মাগু</td>
</tr>
<tr>
<td>২১। পল্লী সঞ্চয় ব্যাংক</td>
<td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শালিখা শাখা, মাগুরা সভায় জুলাই/২০২৩ মাসে তাঁর দপ্তরের সঞ্চয় আদায়, ঋণ বিতরণ এবং ঋণ আদায় অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন।<br>সঞ্চয় আদায় ঃ
<table>
<tr><td rowspan="2">বছরে লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা)</td><td colspan="3">সঞ্চয়</td></tr>
<tr><td>অর্জন (মাসে)</td><td>অর্জন (বছরে)</td><td>আদায়হার</td></tr>
<tr><td>১.১০</td><td>০.০০৯১</td><td>০.০০৯১</td><td>৮.২%</td></tr>
</table>
</td>
<td>সর্বশেষ বিধি-বিধান অনুসরণ পূর্বক সঞ্চয় আদায়, ঋণ বিতরণ ও ঋণ আদায় এবং অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শালিখা শাখা, মাগুরাকে অনুরোধ করা হয়।</td>
<td>ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, শালিখা শাখা.</td>
</tr>
</table>



CamScanner

ঋণ বিতরণ ঃ

| বছওে লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা) | ঋণ বিতরণ | | |
|---|---|---|---|
| | অর্জন (মাসে) | অর্জন (বছরে) | আদায়হার |
| ১৫.৭১ | ০.৯৮ | ০.৯৮ | ৮০% |

ঋণ আদায় ঃ

| বছরে লক্ষ্যমাত্রা (লক্ষ টাকা) | ঋণ আদায় | | |
|---|---|---|---|
| | অর্জন (মাসে) | অর্জন (বছরে) | আদায়হার |
| ১৫.৩১ | ০.৯২ | ০.৯২ | ৮০% |

| | | | |
|---|---|---|---|
| ২২। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কার্যালয় | সহকারী প্রোগ্রামার, শালিখা, মাগুরা সভায় জানান যে, উপজেলা পর্যায়ের সরকারি দপ্তরসমূহের ওয়েব পোর্টালের আইডি ও পাসওয়ার্ড ইতিপূর্বে প্রশিক্ষণের মাধ্যমে প্রদান করা হয়েছে। কিন্তু দপ্তরসমূহের ওয়েব পোর্টাল পর্যালোচনা করে দেখা যায় বেশ কিছু দপ্তরের কর্মকর্তা/অফিস প্রধানের তথ্য হালনাগাদ করা নাই। তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করার জন্য সকল দপ্তর প্রধানের দৃষ্টি আকর্ষণ করা হয়। | সহকারী প্রোগ্রামারের সহযোগিতায় স্ব স্ব দপ্তরের তথ্য বাতায়নে হালনাগাদ তথ্য আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হয়। | সহকারী প্রোগ্রা আইসিটি অধিদপ্ত শালিখা, মাগুরা |
| ২৩। বিবিধ (ক) আপ্যায়ন সংক্রান্ত ঃ | উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/-টাকা এবং আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়িত হয়েছে। | ২৩। (ক) **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (জ) অনুচ্ছেদ** অনুযায়ী উপজেলা পরিষদের জুলাই/২০২৩ মাসের আপ্যায়ন বাবদ ৩০,০০০/-টাকা এবং আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/- এবং ভাইস চেয়ারম্যানদ্বয়ের উপজেলা কমিটির সভার আপ্যায়ন বাবদ ৮,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা |
| (খ) ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যানের অফিস কক্ষের আসবাবপত্র ক্রয় প্রসঙ্গেঃ | ভাইস-চেয়ারম্যান ও মহিলা ভাইস-চেয়ারম্যানের অফিস কক্ষের আসবাবপত্র (চেয়ার, টেবিল ও ভিজিটর চেয়ার) প্রয়োজন মর্মে সভায় অবহিত করা হয়। | ২৩। (খ) **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ছ) অনুচ্ছেদ** অনুযায়ী **আসবাবপত্র সংগ্রহ/মেরামত খাত** হতে ভ্যাট ও আয়করসহ ১,৫০,০০০/- টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রাক্কলন প্রস্তুতপূর্বক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলের সাথে সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের ধারা অব্যাহত রেখে এবং জনস্বার্থে স্ব স্ব অবস্থান থেকে সুচারুভাবে দায়িত্ব পালন করে যাওয়ার আহ্বান জানান। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৮/০৭/২০২৩

(মোঃ কামাল হোসেন)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
শালিখা, মাগুরা

CamScanner

স্মারক নং- ০৫.৪৪.৫৫৮৫.০০০.০৬.০০১.২২-১৫০ তারিখ : ১৮.০৭.২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

০১। মাননীয় সংসদ সদস্য, ৯২ ,মাগুরা- ২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা ।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, বিভাগীয় কমিশনার অফিস, খুলনা।
০৫। জেলা প্রশাসক, মাগুরা।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা।
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মাগুরা।
০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা।
০৯। উপজেলা................................................... কর্মকর্তা (সকল), শালিখা, মাগুরা।
১০। চেয়ারম্যান..................................................ইউপি (সকল), শালিখা, মাগুরা ।
১১। জনাব.................................................................. শালিখা, মাগুরা।
১২। অফিস কপি

(ইয়াসমিন মনিরা)
উপজেলা নির্বাহী অফিসার
শালিখা, মাগুরা
ফোন : ০৪৮৫৩৫৬০০৩
ই-মেইল : unoshalikha@gmail.com

CamScanner

সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা: পরিশিষ্ট "ক" (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়)

| ক্রমিক নং | উপস্থিত সদস্যবৃন্দের নাম/ পদবী | প্রতিনিধি উপস্থিত |
|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্য, মাগুরা-২ ও প্রধান উপদেষ্টা, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা | |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা, মাগুরা | |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার, শালিখা, মাগুরা | |
| ৪. | মহিলা ভাইস - চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা,মাগুরা | |
| ৫. | চেয়ারম্যান, ধনেশ্বরগাতী ইউপি, শালিখা,মাগুরা | |
| ৬. | চেয়ারম্যান, শতখালী ইউপি, শালিখা,মাগুরা | |
| ৭. | চেয়ারম্যান, বুনাগাতি ইউপি, শালিখা,মাগুরা | |
| ৮. | চেয়ারম্যান, শালিখা ইউপি, শালিখা,মাগুরা | |
| ৯. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শালিখা, মাগুরা | |
| ১০. | উপজেলা কৃষি অফিসার, শালিখা, মাগুরা | |
| ১১. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শালিখা,মাগুরা | |
| ১২. | উপজেলা মৎস্য অফিসার, শালিখা, মাগুরা | |
| ১৩. | উপজেলা সমাজসেবা অফিসার, শালিখা, মাগুরা | |
| ১৪. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শালিখা, মাগুরা। | |
| ১৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শালিখা, মাগুরা | |
| ১৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা | |
| ১৭. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শালিখা, মাগুরা | |
| ১৮. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শালিখা, মাগুরা | |
| ১৯. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শালিখা, মাগুরা | |
| ২০. | উপজেলা ফরেস্টার, শালিখা, মাগুরা | |
| ২১. | উপজেলা সমবায় অফিসার, শালিখা | |
| ২২. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শালিখা | |
| ২৩. | উপজেলা ইউডিএফ, শালিখা, মাগুরা | |
| ২৪. | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা , শালিখা, মাগুরা | |
| ২৫. | উপজেলা পরিসংখ্যান অফিসার, শালিখা, মাগুরা | |
| ২৬. | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, শালিখা, মাগুরা | |
| ২৭. | সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, শালিখা, মাগুরা | |
| ২৮. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শালিখা, মাগুরা | |
| ২৯. | তথ্য সেবা কর্মকর্তা, শালিখা, মাগুরা | |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "খ" (জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | ভাইস - চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শালিখা,মাগুরা | |
| ২. | চেয়ারম্যান, তালখড়ি ইউপি, শালিখা,মাগুরা | |
| ৩. | চেয়ারম্যান, আড়পাড়া ইউপি, শালিখা,মাগুরা | |
| ৪. | চেয়ারম্যান, গংগারামপুর ইউপি, শালিখা,মাগুরা | |
| ৫. | সংরক্ষিত মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, শালিখা,মাগুরা | |
| ৬. | সংরক্ষিত মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ, শালিখা,মাগুরা | |
| ৭. | উপজেলা শিক্ষা অফিসার, শালিখা, মাগুরা | |

CS CamScanner